দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 OCT 1988
পৃষ্ঠা 8

৮১

180

# জগন্নাথ হলের দুর্ঘটনার তৃতীয় বার্ষিকী আজ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ ১৫ই অক্টোবর, ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলের ভয়াবহ দুর্ঘটনার মর্মান্তিক স্মৃতি-বিজড়িত দিন।

১৯৮৫ সালের এইদিনে জগন্নাথ হলের জীর্ণ এসেম্বলী ভবনের ছাদ ধসে ছাত্র, অতিথি এবং কর্মচারী মিলিয়ে ৩৯ জন নিহত হয়েছিলেন, আহত হয়েছিলেন শতাধিক। দুর্ঘটনার সময় তারা ভবন মিলনায়তনে বসে টেলিভিশন দেখছিলেন।

দুর্ঘটনার পর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবছর এই দিনটি শোক দিবস হিসেবে পালিত হচ্ছে। এ বছর দিনটি পালনের জন্য কর্তৃপক্ষ ঘোষিত কর্মসূচীর মধ্যে রয়েছে সকাল ৬টায় সকল হল ও প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিতকরণ এবং কালো ব্যাজ ধারণ, সাড়ে ৬টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে জগন্নাথ হল পর্যন্ত ছাত্রছাত্রী, শিক্ষক ও কর্মচারীদের শোক-মিছিল ও স্মৃতিসৌধে পুষ্পার্ঘ অর্পণ, সকাল ৮টা থেকে ১১টা পর্যন্ত হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টানদের প্রার্থনা সভা, সকাল ১১টায় হল প্রাঙ্গণে রক্তদান কর্মসূচী, বিকেল ৪টায় একই জায়গায় স্মরণ সভা, আসর নামাজের পর কেন্দ্রীয় মসজিদে প্রার্থনা সভা। এ ছাড়া সকাল থেকে বিকেল পর্যন্ত নিহতদের আলোকচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

সাংস্কৃতিক সংগঠন 'কলকণ্ঠ' আয়োজিত কর্মসূচীর মধ্যে রয়েছে আজ সকাল ৬টায় প্রভাতফেরী ও পরে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, আগামীকাল বিকেল সাড়ে ৪টায় হল প্রাঙ্গণে স্মৃতি-তর্পণ অনুষ্ঠান ও পরে শোকের কবিতা আবৃত্তি ও শোক সঙ্গীত পরিবেশন।

দিনটি পালন উপলক্ষে জাতীয় ছাত্র ইউনিয়নের উদ্যোগে বিকেল ৪টায় সংগঠন অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

ঋত্বিজ শিল্পী গোষ্ঠী আজ শনিবার সকাল ৭টায় দোয়েল চত্বরে সমবেত হয়ে মৌন মিছিল সহকারে অক্টোবরের স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করবে।